



বাংলাদেশ নির্বাচন কমিশন

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪- ৬৫

তারিখ- ২০ এপ্রিল ২০২৬

বিষয়ঃ খসড়া ভোটার তালিকা প্রকাশ ও প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৩.২৩- ১২৩, তারিখঃ ৯ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৪ নভেম্বর ২০২৫ তারিখ হতে ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত যারা ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন তাদের মধ্যে যাদের জন্ম ০১/০১/২০০৮ বা তার পূর্বে তাদেরকে চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য ২০ এপ্রিল ২০২৬ তারিখে খসড়া ভোটার তালিকা প্রকাশের বিষয়ে মাননীয় নির্বাচন কমিশনের নির্দেশনা রয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পূর্বে খসড়া ভোটার তালিকা প্রকাশ এবং তা যাচাই করে নেওয়ার বিধান রয়েছে। খসড়া ভোটার তালিকা থেকে শুরু করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের জন্য মাননীয় নির্বাচন কমিশন নিম্নোক্ত সময়সূচি নির্ধারণ করেছেন।

ক্রম	বিবরণ	সময়সূচি
১	৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত ভোটার ডাটাবেইজে অন্তর্ভুক্ত ০১/০১/২০০৮ তারিখ বা তার পূর্বে যাদের জন্ম এমন নিবন্ধিত ভোটারের খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ২০ এপ্রিল ২০২৬
২	অন্তর্ভুক্তি, মৃত্যুজনিত বা অন্তর্ভুক্তি হওয়ার অযোগ্য ব্যক্তির নাম কর্তন, ভোটার স্থানান্তর এবং ইহাতে কোন অন্তর্ভুক্তি সংশোধন বা ত্রুটি-বিচ্যুতি দূর করার জন্য দরখাস্ত দাখিলের শেষ তারিখ (ফরম-২, ফরম-১২, ফরম-১৩ ও ফরম-১৪ এর মাধ্যমে দরখাস্ত করতে হবে)	: ০৩ মে ২০২৬
৩	দাখিলকৃত দরখাস্তসমূহ নিষ্পত্তির শেষ তারিখ	: ০৬ মে ২০২৬
৪	দাখিলকৃত দরখাস্তের উপর গৃহীত সিদ্ধান্ত সন্নিবেশনের শেষ তারিখ	: ১০ মে ২০২৬
৫	হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ [০১/০১/২০০৮ বা তার পূর্বে যাদের জন্ম তাদের]	: ১৪ মে ২০২৬


এমতাবস্থায়, প্রকাশিত খসড়া ভোটার তালিকা (তীর আওতাধীন এলাকার) ০১ (এক) প্রস্থ অত্রসাথে প্রেরণ করা হলো। প্রেরিত তালিকা তীর দপ্তরে সংরক্ষণ করে সর্বসাধারণের পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ- ০১ (এক) প্রস্থ খসড়া ভোটার তালিকা।

১। প্রশাসক, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।

২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা

৩। প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা


(মোঃ সিহাব উদ্দিন)

উপজেলা নির্বাচন অফিসার
ও

রেজিস্ট্রেশন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন: ০২-৯৯৮৮-২৭৩৩৬

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪- ৬৫

তারিখ- ২০ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।

৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

৪। জেলা নির্বাচন কর্মকর্তা, নেত্রকোণা।


৫। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

৬। অফিসার ইন চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।

৮। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা (বহল প্রচারের অনুরোধসহ)

৯। অফিস কপি।


২০.০৪.২০২৬

উপজেলা নির্বাচন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা।



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

ভোটার তালিকা অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- ১৭.০৯.৭২৭৪.০০০.৩২.০১২.২৪-৬৬

তারিখ- ২০ এপ্রিল ২০২৬


বিজ্ঞপ্তি

ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৭ (২) এবং ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ১৪ হতে বিধি ২৬ অনুসারে আমি মোঃ সিহাব উদ্দিন, উপজেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও রেজিস্ট্রেশন অফিসার এতদ্বারা অদ্য ২০ এপ্রিল ২০২৬ তারিখ নেত্রকোণা জেলার সদর উপজেলার নেত্রকোণা পৌরসভার ০১ হতে ০৯ নম্বর ওয়ার্ডের এবং মৌগাতি, মেদনী, ঠাকুরাকোণা, সিংহের বাংলা, আমতলা, লক্ষ্মীগঞ্জ, কাইলাটি, দক্ষিণ বিশিউড়া, চল্লিশা, রৌহা, কালিয়ারা গাবরাগাতি ও মদনপুর ইউনিয়নের ভোটার এলাকাসমূহের হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা (২৪ নভেম্বর ২০২৫ তারিখ হতে ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত যারা ভোটার হিসেবে নিবন্ধিত হয়েছেন তাদের মধ্যে যাদের জন্ম ০১/০১/২০০৮ বা তার পূর্বে) প্রকাশ করছি।

২। উক্ত খসড়া ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি এবং অন্তর্ভুক্তির বিষয়ে সংশোধন ও মৃত্যুজনিত কারণে কর্তনকৃত বিষয় সম্পর্কে দরখাস্ত অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে পরবর্তী ০৩ মে ২০২৬ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।

টিকাঃ অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয়ে অথবা প্রকাশিত স্থানসমূহে খসড়া ভোটার তালিকা দেখা যাবে।

স্থানঃ উপজেলা নির্বাচন অফিস
নেত্রকোণা সদর, নেত্রকোণা
তারিখঃ ২০ এপ্রিল ২০২৬


২০.০৪.২০২৬
(মোঃ সিহাব উদ্দিন)
উপজেলা নির্বাচন অফিসার
ও
রেজিস্ট্রেশন অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ফোন: ০২-৯৯৮৮২৭৩৩৬